# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ১৭০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৯৩]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩০৯ : মসজিদে থুথু ফেলা নিষেধ। যদি থুথু ফেলা হয়ে থাকে তাহলে তা পরিষ্কার করা এবং যাবতীয় আবর্জনাদি থেকে মসজিদকে পবিত্র রাখার নির্দেশ

(309) بَابُ النَّهْيِ عَنِ الْبُصَاقِ فِي الْمَسْجِدِ وَالْأَمْرِ بِإِزَالَتِهِ مِنْهُ إِذَا وُجِدَ فِيْهِ وَالْأَمْرِ بِتَنْزِيْهِ الْمَسْجِدِ عَنِ الْأَقْذَارِ

আরবী

عَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَالَ: «البُصَاقُ فِي المَسْجِدِ خَطِيئَةٌ، وَكَفَّارَتُهَا دَفْنُهَا». متفق عليه

والمرَاد بِدَفْنِهَا إذا آانَ المسْجِدُ تُراباً أَوْ رَمْلاً ونَحْوَهُ ، فَيُوَارِيهَا تحْتَ ترابهِ . قالَ أبو المحاسن الرُّويَانى فيآتابهِ » البحر « ، وقيل : المُرَادُ بِدفْنِهَا إِخْرَاجُهَا مِنَ المسْجِدِ ، أَمَّا إذا آانَ المسْجِدُ مُبلَّطاً أَوْ مجَصَّصاً ،فَدَلَكَهَا علَيْهِ بِمَداسِهِ أو بِغَيرِهِ آَما يَفْعَلُهُ آثيرٌ مِنَ الجهَّالِ، فَلَيس ذلكَ بِدفْن بلْ زِيادَةٌ في الخطِيئَةِ وتَكثيرٌللقَذَرِ في المَسْجِدِ ، وَعلى مَنْ فَعَلَ ذلك أنْ يَمْسَحهُ بَعْدَ ذلك بِثَوْبِهِ أو بيده أوْ غَيْرِهِ أوْ يَغْسِلَهُ .

বাংলা

১/১৭০২। আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ’’মসজিদের ভিতর থুথু ফেলা পাপ। আর তার কাফফারা [প্রায়শ্চিত্ত] হল তা মাটিতে পুঁতে দেওয়া।’’ (বুখারী ও মুসলিম) [1]

অর্থাৎ মসজিদের মেঝে কাঁচা মাটি বা বালির হলে তা মাটি বা বালি ঢাকা দিতে হবে। আমাদের [শাফেয়ী] মাযহাবের আলেম আবুল মাহাসিন রুওয়ানী তাঁর ’আল-বাহর’ গ্রন্থে বলেন, বলা হয়েছে যে, দাফন করার অর্থ হল, তা মসজিদ থেকে দূর করে দেওয়া। কিন্তু মসজিদের মেঝে যদি মোজাইক করা বা পাকা হয়, তাহলে তা জুতা বা অন্য কিছু দিয়ে রগড়ে দেওয়া---যেমন বহু জাহেল করে থাকে---দাফন করা নয়। বরং তাতে পাপ বৃদ্ধি করা এবং মসজিদকে বেশি নোংরা করা হয়। যে কেউ এমন করে থাকে, তার উচিত হল, তা কাপড়, হাত অথবা অন্য কিছু দিয়ে মুছে দেওয়া অথবা পানি দিয়ে ধুয়ে দেওয়া।

## English

(309) Chapter: Prohibition of Spitting in the Mosque

Anas bin Malik (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "Spitting in the mosque is a sin, and its expiation is that the spittle should be buried in earth."

[Al-Bukhari and Muslim].

Commentary: To atone for spitting in the mosque, one should bury the spittle in earth, but this applies when the floor of the mosque is covered with earth; as this is not the case today, one should wipe the spittle off or wash it off with clean water.

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪১৫, মুসলিম ৫৫২, তিরমিযী ৫৭২, নাসায়ী ৭২৩, আবূ দাউদ ২৭৪, ৪৭৪, ৪৭৫, আহমাদ ১১৬৫১, ১২৩৬৪, ১২৪৭৯, ১২৭৭০, ১২৮০৪, ১৩০২১, ১৩০৩৮, ১৩০৮৮, ১৩২৩৫, ১৩৪৯৪, ১৩৫৩৫, ১৩৪৯৪, ১৩৫৩৬, ১৩৬৬১, দারেমী ১৩৯৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31079

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন